

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সাকুলার লেটার নং-১৪

তারিখ : ডিসেম্বর ১৩, ২০১২  
অগ্রহায়ণ ২৯, ১৪১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক।

প্রিয় মহোদয়,

সার্টিফিকেট মামলার দাবীদার পক্ষের কার্যকর তদারকি।

বিভিন্ন সময়ে বিরূপ শ্রেণীকৃত কৃষি ঋণ আদায় করার লক্ষ্যে ব্যাংকসমূহ কর্তৃক **The Public Demands Recovery Act, 1913**-এর **Part II**-এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী জেনারেল সার্টিফিকেট অফিসারের আদালতে সার্টিফিকেট মামলা দায়ের করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মামলা দায়ের করার পর মামলার বিষয়ে তদারকি না করায় অর্থাৎ ধার্য তারিখে ব্যাংকের কোন প্রতিনিধি আদালতে হাজির থেকে মামলার কার্যক্রমে সহযোগিতা না করায় মামলা পরিচালনায় বিভিন্ন জটিলতার সৃষ্টি হচ্ছে। ফলে মামলার কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে এবং মামলাসমূহের নিষ্পত্তি দীর্ঘায়িত হচ্ছে।

এমতাবস্থায়, জেনারেল সার্টিফিকেট অফিসারের আদালতে দায়েরকৃত সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার লক্ষ্যে ব্যাংকের উপযুক্ত প্রতিনিধিকে ধার্য তারিখে হাজির হয়ে মামলার কার্যক্রমে উক্ত আদালতকে সহযোগিতা করার পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৯২